

## আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩৭২

(كتاب المساجد ومواضع الصلاة) ৫/ مساجد ومواضع الصلاة

পরিচ্ছেদঃ ৫/৩৯. 'ইশার সালাতের সময় এবং তা বিলম্ব করা।

وقت العشاء وتأخيرها

আরবী

حَدَّيْثُ عَائِشَةَ قَالَتْ أَعْتَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةً بِالْعِشَاءِ وَذَلِكَ قَبْلَ أَنْ يَفْشُوا إِلِّيْسَلَامُ فَلَمْ يَخْرُجْ حَتَّى قَالَ عُمَرُ نَامَ النِّسَاءُ وَالصِّبَّيَانُ فَخَرَجَ فَقَالَ لِأَهْلِ الْمَسْجِدِ مَا يَنْتَظِرُهَا أَحَدٌ مِنْ أَهْلِ الْأَرْضِ غَيْرَكُمْ

বাংলা

৩৭২. 'আয়িশাহ (রায়ি.) হতে বর্ণিত, তিনি বলেন, এক রাতে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'ইশার সালাত আদায় করতে বিলম্ব করলেন। এ হলো ব্যাপকভাবে ইসলাম প্রসারের পূর্বের কথা। (সালাতের জন্য) তিনি বেরিয়ে আসেননি, এমন কি 'উমার (রায়ি.) বললেন, মহিলা ও শিশুরা ঘুমিয়ে পড়েছে। অতঃপর তিনি বেরিয়ে এলেন এবং মসজিদের লোকদের লক্ষ্য করে বললেনঃ "তোমরা ব্যতীত যমীনের অধিবাসীদের কেউ 'ইশার সালাতের জন্য অপেক্ষায় নেই।

ফুটনেট

সহীলুল বুখারী, পর্ব ৯; সালাতের সময়সমূহ, অধ্যায় ২২, হাঃ ৫৬৬; মুসলিম, পর্ব ৫; মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৩৯, হাঃ ৬৩৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37297>

hadithbd.com